بسم الله الرحمن الرحيم

তাহযিব ইনস্টিটিউ আয়োজিত নবী সা. এর জীবনী নিয়ে বিশেষ আয়োজন

# এক নজরে সীরাহ

## সীরাহ পাঠের গুরুত্ব ও প্রয়োজনীয়তা



# ইন্সট্রাকটর পরিচিতি




## ফজলে রাব্বি

হিফজ, দাওরায়ে হাদীস
তালিবুল ইলম, মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়, সৌদি আরব
farabbi.bd@gmail.com
+8801922730001 (Imo/Whatssapp)
+966509676974 (KSA)

# এক নজরে সীরাহ

# সীরাহ কাকে বলে?

সিরাত سيرة একটি আরবি শব্দ। এর বহুবচন হচ্ছে সিয়ার (سِيَرٌ)। অর্থ ‘গতি, পথ, পদ্ধতি, আকার, আকৃতি, মুখাবয়ব, অবস্থা, কর্ম-নৈপুণ্য, ঢঙ, সুন্নাত ইত্যাদি।

সীরাহ শব্দের পারিভাষিক অর্থ বোঝানো হয়েছে, মহানবী সা. এর জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সার্বিক আলোচনা ও বর্ণনা।

# কে তিনি ?



# পূরো পৃথিবীবাসীর জন্য রহমত!

﴿وَمَآ أَرۡسَلۡنَٰكَ إِلَّا رَحۡمَةٗ لِّلۡعَٰلَمِينَ ١٠٧﴾ [الانبياء: ١٠٧]

“আমি আপনাকে সমগ্র জগতের প্রতি কেবল রহমতরূপেই প্রেরণ করেছি।”

*[সূরা আল-আম্বিয়া, আয়াত: ১০৭]*

## তিনি সকলের পথপ্রদর্শক

﴿قُلۡ يَٰٓأَيُّهَا ٱلنَّاسُ إِنِّي رَسُولُ ٱللَّهِ إِلَيۡكُمۡ جَمِيعًا﴾ [الاعراف: ١٥٨]
"বলুন হে মানবজাতি! আমি তোমাদের সবার প্রতিই আল্লাহর রাসূল হিসেবে প্রেরিত হয়েছি।" *[সূরা আল-আ'রাফ, আয়াত: ১৭৫]*

## রাসূলের মর্যাদা চিরসমুন্নত

وَرَفَعۡنَا لَكَ ذِكۡرَكَ ٤
'আর আমি আপনার (মর্যাদা বৃদ্ধির) জন্য আপনার স্মরণকে সমুন্নত করেছি।' *(সূরা ইনশিরাহ: ৪)*

## সর্বশেষ নবী ও রাসূল

مَّا كَانَ مُحَمَّدٌ أَبَا أَحَدٍ مِّن رِّجَالِكُمْ وَلَكِن رَّسُولَ اللَّهِ وَخَاتَمَ النَّبِيِّينَ وَكَانَ اللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمًا.
'মুহাম্মাদ সা. তোমাদের মধ্যে কোনো পুরুষের অধিক পিতা নন, বরং সে আল্লাহর রাসূল এবং নবীগণের মধ্যে সর্বশেষ। আর আল্লাহ সর্ববিষয়ে জ্ঞাত।' *(সুরা আহযাব: ৪০)*

## সুসংবাদদাতা ও সতর্ককারী যিনি

- يَا أَيُّهَا النَّبِيُّ إِنَّا أَرْسَلْنَاكَ شَاهِدًا وَمُبَشِّرًا وَنَذِيرًا

'হে নবী, নিশ্চয় আমি আপনাকে পাঠিয়েছি সাক্ষ্যদাতা, সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে।' *(সুরা আহযাব: ৪৫)*

## সর্বোত্তম চরিত্রের অধিকারী

وَإِنَّكَ لَعَلَىٰ خُلُقٍ عَظِيمٍ القلم: ﴿٤﴾
‘অবশ্যই আপনি মহান চরিত্রের অধিকারী।’ *(সুরা কলম: ০৪)*

## চারিত্রিক উৎকর্ষতার পূর্ণতা দানকারী

إِنَّمَا بُعِثْتُ لِأُتَمِّمَ صَالِحَ الأَخْلاقِ.
‘আমাকে প্রেরণ করা হয়েছে সর্বোত্তম স্বভাব-চরিত্রের পূর্ণতা দান করার জন্য।’
(আদাবুল মুফরাদ: ২৭৩)

## কুরআনের জীবন্ত প্রতিচ্ছবি

سُئِلَتْ عائِشةُ عن خُلُقِ رسولِ اللهِ صلَّى اللهُ عليه وسلَّمَ، فقالَتْ: كان خُلُقُه القُرآنَ.
‘আয়িশা রা. কে রাসূলুল্লাহ সা. এর চরিত্র সম্পর্কে জিজ্ঞেস করা হলো। তিনি উত্তরে বললেন, তাঁর চরিত্র ছিল কুরআনের ন্যায়।’ *(মুসনাদে আহমাদ: ২৫৮১৩)*

## রাসূলের আনুগত্য স্বয়ং আল্লাহর আনুগত্য

﴿ مَّن يُطِعِ ٱلرَّسُولَ فَقَدۡ أَطَاعَ ٱللَّهَۖ ﴾ [النساء: ٨٠]
‘যে রাসুলের (সা.) আনুগত্য করে সে তো আল্লাহরই আনুগত্য করে।’ *(নিসা: ৮০)*

## মানবজাতির সরদার তিনি

أَنَا سَيِّدُ وَلَدِ آدَمَ يَوْمَ الْقِيَامَةِ وَلاَ فَخْرَ.

‘কিয়ামতের দিন আমি মানবজাতির ইমাম (নেতা) হব, এতে আমার কোনো অহংকার নেই।’

*(তিরমিযি: ৩১৪৮)*

## সকল নবী রাসূলের ইমাম তিনি

إِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ كُنْتُ إِمَامَ النَّبِيِّينَ وَخَطِيبَهُمْ وَصَاحِبَ شَفَاعَتِهِمْ غَيْرَ فَخْرٍ.

‘কিয়ামতের দিন আমি হবো নবীগণের ইমাম, তাদের পক্ষ থেকে বক্তব্য পেশকারী এবং তাঁদের প্রধান সুপারিশকারী, তাতে আমার কোনো গর্ব নেই।’

*(ইবনে মাজাহ: ৪৩১৪)*

## সর্বপ্রথম শাফায়াতকারী

أَنَا أَوَّلُ شَافِعٍ وَأَوَّلُ مُشَفَّعٍ وَلاَ فَخْرَ وَلِوَاءُ الْحَمْدِ بِيَدِى يَوْمَ الْقِيَامَةِ وَلاَ فَخْرَ.

'আমিই হবো সর্বপ্রথম শাফাআতকারী এবং সর্বাগ্রে আমার শাফাআত কবুল করা হবে। এতে আমার কোনো গর্ব নেই। কিয়ামতের দিন আল্লাহর প্রশংসার পতাকা আমার হাতে থাকবে। এতেও গর্বের কিছু নেই।'

*(ইবনে মাজাহ: ৩৮০৮)*

## চাঁদের থেকেও সুন্দর যিনি

"فَجَعَلْتُ أَنْظُرُ إِلَيْهِ وَإِلَى الْقَمَرِ ، فَلَهُوَ عِنْدِي أَحْسَنُ مِنَ الْقَمَرِ

জাবির ইবনে সামুরা রা. হতে বর্ণিত। তিনি বলেনএক, আমি একবার পূর্ণিমা রাত্রির স্নিগ্ধ আলোতে রাসূলুল্লাহ সা. কে লাল চাদর ও লুঙ্গি পরিহিত অবস্থায় দেখলাম। তখন আমি বার তাঁর দিকে ও একবার চাদের দিকে তাকাতে থাকলাম। মনে হলো তিনি আমার কাছে পূর্ণিমার চাদের চেয়েও অধিকতর সুন্দর।

# ইসলামের স্বরূপ বোঝার মূলভিত্তি

## কুরআন

পবিত্র কুরআন মুমীনের জন্য পূর্ণাঙ্গ গাইডলাইন

## হাদীস/ সুন্নাহ

রাসূল সা. ও সাহাবীদের কথা, কাজ ও সমর্থন

## সীরাহ/ইসলামের ইতিহাস

নবী জীবনের প্রতিটি অনুষঙ্গ, পরবর্তী সাহাবী, তাবেয়ী-তাবে তায়েবী ও ইসলামী খিলাফাহ’র ইতিহাস

# নবীজীবনীর তিন অংশ

জন্ম

জন্ম (নবুওয়াত পূর্ববর্তী সময়)

জন্ম পূর্ববর্তী প্রেক্ষাপট ও জন্ম পরবর্তী ৪০ বছর

নবুওয়াত লাভ ও মক্কী জীবন

৪০ বছর বয়সে নবুওয়াত লাভ। মক্কার ১৩ বছর দাওয়াতী জীবন।

হিজরত পরবর্তী সময় ও মৃত্যু

হিজরত পরবর্তী মদীনায় ১০ বছর ও ইসলামের পরিপূর্ণ বিকাশ

মৃত্যু

মোট ৬৩ বছরের বর্ণাঢ্য জীবনী

## সীরাত সংকলনের সূচনা


- সীরাতকে কেন্দ্র করেই মুসলিম ঐতিহাসিকগণ সর্বপ্রথম ইতিহাস রচনা শুরু করেন
- ইসলামপূর্ব যুগের ইতিহাসও সীরাতকে কেন্দ্র করেই লেখা হয়েছে
- মোটকথা, সীরাতুন্নবী শুধু আরব উপদ্বীপই নয় বরং সমগ্র মুসলিম বিশ্বের ইতিহাসের মূল কেন্দ্রবিন্দু


## যখন থেকে শুরু হয়

ইসলামের প্রসার লাভের প্রথম যুগ উমাইয়া শাসনামলে মুআবিয়া ইবনে আবি সুফিয়ান রা. এর আমল থেকে শুরু হয়। মুহাদ্দিসগণের একটি দল এ কাজ আরম্ভ করেন। উরওয়া ইবনে যুবায়ের (মৃ: ৯২ হি.)। এরপর আবান বিন উসমান (মৃ: ১০৫ হি.)। এরপর ওহাব বিন মুনাব্বিহ (মৃ: ১১০ হি.) এরপর শুরাহবীল ইবনে সাদ (মৃ: ১২৩ হি.) এরপর ইবনে শিহাব যুহরী ( মৃ: ১২৪ হি.) প্রমুখ। কিন্তু তাদের সংকলিত কোনো সীরাত আমাদের পর্যন্ত পৌঁছেনি।

# প্রথম লিখিত সীরাত গ্রন্থ

এরপর যারা সীরাত লিখেছেন, তাদের মধ্যে সবচে উল্লেখ্যযোগ্য আবু আবদুল্লাহ মুহাম্মদ ইবনে ইসহাক (মৃ: ১৫২ হি.) রচিত বিখ্যাত ‘আসসিরাতুন নববিয়্যাহ’। ‘সীরাতে ইবনে হিশাম’ নামে এটি প্রসিদ্ধি পেয়েছে। তাকে সীরাত শাস্ত্রের জনকও বলা হয়।



# সীরাহ অধ্যয়নের পদ্ধতি

বিখ্যাত ফিক্বহুস সিরাহ গ্রন্থের লেখক, ড. সায়িদ রমাদান বুতি বলেন, সীরাত অধয়নের সঠিক পদ্ধতি হলো,

“আমরা রাসূলুল্লাহ সা. এর জীবনের সকল দিক অধয়ন করব; তাঁর জন্ম ও জন্মকাল, ব্যক্তিগত-পারিবারিক-সামাজিক-রাজনৈতিক জীবন, স্বভাব-চরিত্র, শত্রু-মিত্রের সাথে তাঁর আচরণ, দুনিয়া ও দুনিয়ার ভোগ-বিলাসের প্রতি তাঁর মনোভাব ইত্যাদি। এই অধ্যয়ন হতে হবে “সনদ” ও “মতন” এর শুদ্ধতা যাচাইয়ের শাস্ত্রীয় মূলনীতির আলোকে এবং সত্য-ন্যায়ের সন্ধানে।”




# সীরাহ অধ্যয়নের প্রয়োজনীয়তা

- কুরআন বুঝতে
- ইসলামের সূচনা ও প্রেক্ষাপট অনুধাবন করতে
- নবীজি সা. এর অনুসরণ করতে
- নবী সা. ব্যক্তিত্ব জানতে ও বুঝতে
- নবী জীবনী থেকে শিক্ষা নিতে
- সাহাবীদের কুরবানী ও তাদের শ্রেষ্ঠত্ব জানতে

# আধুনিক সময়ের
# একটি জনপ্রিয় সীরাহগ্রন্থ

১৯৮৭ সালে সৌদি আরবে রাবেতা আল-আলম আল ইসলামী আয়োজিত নবী সা. এর জীবনীর উপর আন্তর্জাতিক প্রতিযোগিতায় ১১৮২টি গ্রন্থের মধ্যে ১ম স্থান অধিকারী স্মারক গ্রন্থ এটি। লেখক, ভারতীয় ইসলামী স্কলার শায়খ সফিউর রহমান মুবারকপুরী রহ.।



# জাঝাকুমুল্লাহু খইর

কোনো প্রশ্ন থাকলে করুন

**উস্তায ফজলে রাববি** হিফজ, দাওরায়ে হাদীস
অধ্যয়নরত, মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়, সৌদি আরব
ইন্সট্রাকটর, তাহযিব ইনস্টিটিউট
ফেসবুক: www.fb.com/farabbi.bd
মেইল: farabbi.bd@gmail.com
+881922730001 (Imo/Whatssapp)
+966509676974 (Saudi Arabia)